বিনোদন

# পিওর ইমোশন পিওর প্যাশন সেমিফাইনালিস্ট: আর্জেন্টিনার জয়ে পূর্ণিমা

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: সোমবার, ১৩ জুলাই ২০২৬, ০৩:৫৮ PM



চলছে ফিফা ২০২৬ বিশ্বকাপ। জমে উঠেছে ফুটবল। এর মধ্যে সেমিফাইনালে চলে গেছে ফ্রান্স, স্পেন ও ইংল্যান্ড। শেষ কোয়ার্টার ফাইনাল ম্যাচে সুইজারল্যান্ডকে ৩-১ গোলে হারিয়ে শেষ দল হিসেবে বর্তমান চ্যাম্পিয়ন আর্জেন্টিনা পৌঁছে গেছে সেমিফাইনালে। বাংলাদেশ সময় রোববার (১২ জুলাই) সকালে এ লড়াকু বিজয় ছিনিয়ে নিয়েছেন লিওনেল মেসি ও তার সতীর্থরা। যারপরনাই বাংলাদেশি বিনোদন জগতের তারকারা খুশি।

ফুটবলবিশ্বের অন্যতম মহাতারকা লিওনেল মেসির জাদুকরী পারফরম্যান্সে আর্জেন্টিনার অবিশ্বাস্য জয়ে ভাসছেন ফুটবলপ্রেমীরা। আলবিসেলেস্তেদের এ জয়ে উল্লাসে মেতে উঠেছেন  বিনোদন জগতের তারকারাও। তাই আলবিসেলেস্তেদের খেলা দেখতে বাংলাদেশি তারকাদের অনেকেই বেশ কয়েকবার স্টেডিয়ামে হাজির হয়েছেন। এর মধ্যে ছোটপর্দার জনপ্রিয় তারকা দম্পতি নাঈম-নাদিয়া আর্জেন্টিনা বনাম মিসরের ম্যাচটি গ্যালারিতে বসে সরাসরি উপভোগ করেছেন। তারা দুজনেই মনেপ্রাণে আর্জেন্টিনার কট্টর সমর্থক। প্রিয় দলের খেলা মিস করতে চান না কেউ-ই। সেই সময়ের ছবি সামাজিক মাধ্যমে পোস্ট করে নাদিয়া উচ্ছ্বাস প্রকাশ করে লিখেছেন ভামোস আর্জেন্টিনা!

রোড টু সেমিফাইনালস। গর্জে ওঠো আর্জেন্টিনা। কানসাস সিটি স্টেডিয়ামকে ধন্যবাদ, এই মাঠেই এবারের বিশ্বকাপে প্রথম ম্যাচে আলজেরিয়ার বিপক্ষে জিতেছে আর্জেন্টিনা, আর এখন কোয়ার্টার ফাইনাল জিতল।▯

নাঈম-নাদিয়া দম্পতি ছাড়াও এবারের বিশ্বকাপ ফুটবলে মাঠে বসে নিজ দলের পক্ষে গলা ফাটাচ্ছেন দেশের আরও অনেক সেলিব্রেটি। এর মধ্যে রয়েছেন অভিনেত্রী মেহজাবীন চৌধুরী, সাফা কবির, নির্মাতা মোস্তফা কামাল রাজ, দিলারা প্রমুখ।

আর্জেন্টিনার জয়ে বরাবরের মতোই উচ্ছ্বাস প্রকাশ করে প্রিয় দলকে শুভেচ্ছা জানাচ্ছেন তারকারা। সামাজিক মাধ্যম ফেসবুকে একটি পোস্টে অভিনেত্রী পূর্ণিমা লিখেছেন, ▯পিওর ইমোশন, পিওর প্যাশন। সেমিফাইনালিস্ট!▯

এদিকে আর্জেন্টিনার পাড় ভক্ত অভিনেতা ইরফান সাজ্জাদ। জয়ের আনন্দ করছেনই। তবে আজকের ম্যাচে তিনি সন্তুষ্ট নন। বিশেষ করে আর্জেন্টাইন কোচ লিওনেল স্কালোনির ওপর বিরক্ত তিনি। কারণ বেঞ্চে মেধাবী খেলোয়াড় বসিয়ে রেখে ম্যাচ ঝুঁকিতে ফেলেছেন কোচ।

সামাজিক মাধ্যমে পোস্টে ইরফান সাজ্জাদ লিখেছেন▯ ▯প্রিয় স্কালোনি, খুশি হওয়ার কিছু নেই! সেমিফাইনালে ইগোটাকে পাশে রেখে যোগ্য প্লেয়ারদের খেলাও! আনচেলেত্তির (ব্রাজিলের কোচ) মতো ভুল করো না। সেমিফাইনালের জন্য শুভকামনা।▯

অভিনেত্রী মালাইকা চৌধুরীও আর্জেন্টিনার ভক্ত। প্রতি ম্যাচেই প্রিয় দলের জন্য বার্তা দেন। আজকের জয়ের পর আর্জেন্টিনার জার্সি পরিহিত ছবি সামাজিক মাধ্যমে পোস্ট দিয়ে অভিনেত্রী লিখেছেন▯ ▯আজকে আমি অনেক খুশি।▯

---

## এ বিভাগের আরও খবর



**শিক্ষা খাত পুনর্গঠনে বিশ্বনেতাদের এগিয়ে আসার আহ্বান শাকিরার**

ভেনেজুয়েলার শিক্ষা খাত পুনর্গঠনে বিশ্বনেতাদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন কলম্বিয়ান পপসম্রাজ্ঞী শাকিরা। গত ২৪ জুনের প্রলয়ংকরী ভূমিকম্পে শিক্...



### বাংলার পর্যটনশিল্পের নতুন মুখ সানি লিওন

সানি লিওন নাকি মন্দারমণিতে।  এমন খবরে নেটিজেনদের মাঝে শোরগোল। একবার পছন্দের অভিনেত্রীর দর্শন কি পেতে পারেন তার ভক্ত-অনুরাগীরা? এ নিয়ে সামাজি...



### প্রথমবার একসঙ্গে বড় পর্দায় আরিফিন শুভ ও কেয়া পায়েল

ঢালিউডের জনপ্রিয় চিত্রনায়ক আরিফিন শুভ এবং ছোট পর্দার তুমুল জনপ্রিয় অভিনেত্রী কেয়া পায়েল প্রথমবার একসঙ্গে জুটি বেঁধে বড় পর্দায় আসছেন। ওটিটি প...



### বিশ্বকাপ ফুটবল: কোন তারকা কোন দলের সমর্থক?

বিশ্বকাপ ফুটবল ঘিরে উন্মাদনা শুরু হলেই বাংলাদেশ যেন রঙে রঙে ভাগ হয়ে যায়। দেশের অলিগলি থেকে শুরু করে সামাজিক যোগাযোগমাধ্যম সবখানেই চলে প্রিয়...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/entertainment/pior-imoshn-pior-pjashn-semifainalist-arjentinar-jye-purnima